গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রণালয়
হাসপাতাল-৩শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

বিষয়ঃ বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি আইন-২০১৬ এর চুড়ান্ত খসড়া প্রনয়নের নিমিত্ত গঠিত উপ কমিটির সভার কার্যবিবরনী।

| | |
|---|---|
| সভাপতিঃ | ফয়েজ আহম্মদ<br>অতিরিক্ত সচিব (হাসপাতাল)<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |
| সময় স্থানঃ | অতিরিক্ত সচিব মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং-৩১৫, ভবন নং-৩) |
| সভার তারিখঃ | ২৬/১২/২০১৬ খ্রিঃ |
| সভার সময়ঃ | দুপুর ২.৩০ ঘটিকা |
| উপস্থিতি তালিকাঃ | পরিশিষ্ট'ক'। |

১.০. আলোচনাঃ

১.১. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভারকার্যক্রম শুরু করেন। তিনি বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি আইনটি যুগোপযোগি ও হালনাগাদ করার নিমিত্ত গত ৩০.১১.২০১৬ তরিখের অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে প্রস্তাবিত বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি আইনের পরিবর্তনযোগ্য ধারাসমূহের উপর মতামত প্রদানের অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (হাসপাতাল) আন্তঃমন্ত্রণালয় সভার পর্যবেক্ষন ও সুপারিশসমূহ সভায় উপস্থাপন করেন।

১.২. মহাসচিব, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি বলেন, গত ৩০.১১.২০১৬ তারিখের আন্তঃমন্ত্রণালয় সভায় উপস্থাপিত বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি আইন-২০১৬ এর খসড়াটি পর্যালোচনায় দেখা যায় সোসাইটি কর্তৃক ২০১৩ সালে প্রস্তাবিত এবং মন্ত্রণালয় কর্তৃক উপস্থাপিত খসড়া আইনে বেশকিছু গুরুত্বপূর্ন ধারায় উল্লেখযোগ্য পরিবর্তন এসেছে, যা রেডক্রিসেন্ট আন্দোলনের মূলনীতির সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। তিনি ২০১৩ সালে প্রস্তাবিত আইনের সাথে সামঞ্জস্য রক্ষা করে আইনটির সংশ্লিষ্ট ধারাসমূহ সংশোধনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে নীতিগত অনুমোদন গ্রহণের লক্ষ্যে উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

১.৩. পরিচালক, (অপারেশন, সিপিপি) বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি বলেন, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি আদেশ, ১৯৭৩ (পিও ২৬,১৯৭৩) ১৯৮৯ সাল পর্যন্ত সংশোধিত অধ্যাদেশ আকারে বিভিন্ন সময়ে বাংলাদেশ গেজেটের বিভিন্ন তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়। সভার এ পর্যায়ে, সভাপতি সংশোধিত অধ্যাদেশ সমূহ ১৯৭৫ সালের ১৫ই আগষ্ট হতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত এবং ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে সংশোধিত হওয়ায় অধ্যাদেশ সমূহের কার্যকারিতা ১৯৭৫ সালের ১৫ আগষ্ট হতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ এবং ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ এর আওতায় সংরক্ষণ করা হয়েছে কিনা এ বিষয়ে জানতে চান। মহাসচিব, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি বিষয়টি সম্পর্কে সুনিশ্চিত হয়ে পরবর্তীতে অবহিত করবেন মর্মে সভাকে আশ্বস্ত করেন।

১.৪ সভায় আরও জানানো হয়েছে, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি আদেশ, ১৯৭৩ (পিও ২৬,১৯৭৩) এর ৮ (ডি) ধারায় জেনারেল বডিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়সহ মোট ৪টি মন্ত্রণালয়ের (সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক, ত্রাণ ও পূণর্বাসন এবং প্রতিরক্ষা বিভাগ) প্রতিনিধিত্ব ছিল। বর্তমানে প্রয়োজনীয়তার নিরীখে আরও ৫টি মন্ত্রণালয়সহ মোট ৯টি মন্ত্রণালয়ের প্রতিনিধিত্ব রেখে প্রস্তাবিত আইনের খসড়া উপস্থাপন করা হয়েছে। সভায় উপস্থিত রেডক্রিসেন্ট সোসাইটির প্রতিনিধিবৃন্দ মন্ত্রণালয় সমূহের প্রতিনিধিত্ব করার বিষয়ে ঘোরতর আপত্তি উত্থাপন করেন। সভাপতি বিষয়টিকে যৌক্তিকতার সাথে পর্যালোচনার অনুরোধ করেন। তিনি প্রশাসনিক মন্ত্রণালয় হিসেবে আবশ্যিকভাবে সোসাইটির জেনারেল বডি এবং ম্যানেজিং বোর্ডে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধিত্ব রাখার পক্ষে জোরালো অভিমত ব্যক্ত করেন।

১.৫ সভায় দি বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি অর্ডার, ১৯৭৩ (পি,ও অর্ডার নং ২৬, ১৯৭৩), ১৯৭৫ সাল হতে ১৯৭৯ সাল এবং তৎপরবর্তী বিভিন্ন সময়ে সংশোধিত হওয়ায় সংশোধিত অধ্যাদেশ সমূহ ১৯৭৫ সালের ১৫ আগষ্ট হতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকর করণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ এবং ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষবিধান) আইন, ২০১৩ এর আওতায় সংরক্ষিত না হওয়ায় আইন মন্ত্রণালয় ও সম্ভাব্য অন্যান্য দপ্তর হতে বিস্তারিত তথ্য জেনে পরবর্তী সভায় উপস্থাপন করার অনুরোধ করা হয়।

২.০ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

২.১ দি বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি অর্ডার, ১৯৭৩ (পি, ও অর্ডার নং ২৬, ১৯৭৩), ১৯৭৫ সাল হতে ১৯৭৯ সাল এবং তৎপরবর্তী বিভিন্ন সময়ে সংশোধিত হওয়ায় সংশোধিত অধ্যাদেশ সমূহ ১৯৭৫ সালের ১৫ আগষ্ট হতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ এবং ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ এর আওতায় সংরক্ষণ করা হয়েছিল কিনা তা আইন মন্ত্রণালয়সহ সম্ভাব্য অন্যান্য দপ্তরে যোগাযোগ করে বিস্তারিত তথ্য সহ প্রতিবেদন বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি কর্তৃক আগামী ১৫(পনের) কর্মদিবসের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-
তারিখঃ ২৭/১২/২০১৬ খ্রিঃ
(ফয়েজ আহম্মদ)
অতিরিক্ত সচিব (হাসপাতাল)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-স্বাপকম/হাস-৩/রেড ক্রিসেন্ট সং বিধান-০১/২০০৫ (অংশ-০১)-৩৯১ তারিখঃ-২৭-১২-২০১৬ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। বিএমএম মোজহারুল হক, এনডিসি, মহাসচিব, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি, ৬৮৪-৬৮৬ রেডক্রিসেন্ট সড়ক,বড় বগবাজার, ঢাকা-১২১৭।
০২। খায়রুল আনাম খান, পরিচালক, (অপারেশন, সিপিপি), বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, ৬৮৪-৬৮৬ রেডক্রিসেন্ট সড়ক,বড় বগবাজার, ঢকা-১২১৭।

অনুলিপি সদয় অবগতিঃ

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৪। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৫। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৬। যুগ্মসচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২৭/১২/১৬

(এস.এম.জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৪৯১৯২
E-mail: sashosp3
@mohfw.gov.bd